গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৩.১৯-৫৩৩

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৬ / ২০ অক্টোবর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ মামলার ১৯.০৮.১৯ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনারের ০৭.০৫.২০১৯ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তিক্রমে নিষ্পত্তির বিষয়টি পিটিশনারকে জানিয়ে দেয়াসহ মহামান্য আদালতকে অবহিতক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি TMED কে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ মামলার রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন উত্তর শালন্দার কাচারী দাখিল মাদ্রাসা পরিচালনার স্বার্থে ও নিয়মিত কমিটি গঠনের লক্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক গত ২৮.০৪.১৯ তারিখের ১৮০ সংখ্যক পত্রমূলে (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালার ২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের জন্য বর্ণিত প্রতিষ্ঠানকে অনুমতি প্রদান করা হয়।

০২। উক্ত প্রতিষ্ঠানের অবৈধ ও বেআইনী "এডহক কমিটি গঠনের অনুমতি পত্র" বাতিল করার জন্য চেয়ারয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর গত ০৭.০৫.১৯ তারিখের ৩৩/১৯ সংখ্যক পত্রমূলে আবেদন করা হয়।

০৩। পরবর্তীতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গত ০৭.০৬.১৯ তারিখের বামাশিবো/প্রশা/২৩১১৯১২১০৩০২/১৯৫৫৫/নথি নং-১৮০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন দেয়া হয়। উক্ত এডহক কমিটি বাতিলের দাবী করে পিটিশনার জনাব মো: মোমতাজ আলী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ দায়ের করা হয়।

০৪। উক্ত মামলায় ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৩। রেজিস্ট্রার, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৪। মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ৫। ডি.সি. দিনাজপুর, ৬। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর, ৭। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এবং আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জনকে বিবাদী করা হয়েছে।

০৫। উক্ত রিট মামলাটি গত ১৯.০৮.১৯ খ্রি. তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়:
Pending hearing of the Rule, the respondent No. 2, is directed to dispose of the petitioner's application dated 07.05.19 (Annexure-E) in accordance with law.

০৬। উল্লেখ্য, উক্ত মামলায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গত ০৭.০৬.১৯ তারিখের বামাশিবো/প্রশা/২৩১১৯১২১ ০৩০২/১৯৫৫ ৫/নথি নং-১৮০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন সংক্রান্তটি পত্রটি কেন বেআইনী মর্মে ঘোষণা করা হবে না সেমর্মে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারের ০৭.০৫.১৯ তারিখর আবেদনটি বিধিগতভাবে নিষ্পত্তি করে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যক।

০৭। সেসাথে যেহেতু উক্ত রিট মামলার ১৯.০৮.১৯ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ০৭.০৫.১৯ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ০৭.০৫.১৯ খ্রি. তারিখের আবেদনটি চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যক।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ মামলায় গত ১৯.০৮.১৯ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ০৭.০৫.১৯ খ্রি. তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ২৮.১০.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। সেসাথে উক্ত মামলার জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ২০/১০/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।